



## শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করিয়ে সংবর্ধনা সম্পূর্ণ নিষেধ: শিক্ষামন্ত্রী



ছবি: সংগৃহীত

শিক্ষামন্ত্রী আন ম এছানুল হক মিলন স্পষ্ট করে বলেছেন, আর কোনো শিক্ষার্থীকে রাস্তায় দাঁড়িয়ে মন্ত্রী বা অতিথিকে সংবর্ধনা দিতে হবে না। ভবিষ্যতে শিক্ষক কিংবা শিক্ষার্থীকে সড়কের পাশে রেখে সংবর্ধনার আয়োজন করা নিষিদ্ধ।

গুত্রবার কচুয়া উপজেলায় জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এই নির্দেশ দেন। অনুষ্ঠানস্থলে যাওয়ার পথে শিক্ষার্থীদের রাস্তার পাশে দাঁড়িয়ে সংবর্ধনা দেওয়ার দৃশ্য দেখে তিনি তাৎক্ষণিকভাবে অসন্তোষ প্রকাশ করেন।

মন্ত্রী বলেন, “আমার জন্য কোনো শিক্ষার্থীকে রাস্তায় দাঁড় করানো যাবে না। শিক্ষকরা শিক্ষার্থীদের এ ধরনের আয়োজনের মধ্যে যুক্ত হবেন না। এটি শিক্ষার্থীদের জন্যও কষ্টকর।”

শিক্ষকদের তিনি নির্দেশ দেন, শিক্ষার্থীদের দ্রুত ছুটি দিয়ে বাড়ি পাঠাতে হবে।

শিক্ষার্থীদেরও তিনি জানান, আর কখনো রোদের মধ্যে দাঁড়িয়ে সংবর্ধনা দেওয়া প্রয়োজন নেই। তিনি নিজে স্কুলে গিয়ে সরাসরি শিক্ষার্থীদের সঙ্গে কথা বলবেন এবং তাদের পড়াশোনা ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে খোঁজ নেবেন।

এ সময় কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদুল হাসান রাসেল, উপজেলা বিএনপির সভাপতি খায়রুল আবেদিন স্বপন, কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. বোরহান উদ্দিনসহ স্থানীয় শিক্ষক ও রাজনৈতিক নেতারা উপস্থিত ছিলেন।